# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. রাসূলুল্লাহ (ﷺ) জন্ম থেকেই কুরআন জানতেন

আব্দুল হাই লাখনবী বলেন, রাসুলুল্লাহ (ﷺ)_এর নামে একটি জাল কথা:

كَانَ ﷺ عَالِماً بِالْقُرْآنِ بِتَمَامِهِ وَتَالِيًا لَهُ مِنْ حِيْنِ وِلاَدَتِهِ

“তিনি জন্মলগ্ন থেকেই পুরো কুরআন জানতেন এবং পাঠ করতেন।”[1]

এ কথা শুধু মিথ্যাই নয়, কুরআন কারীমের বিভিন্ন আয়াতের সুস্পষ্ট বিরোধী। আল্লাহ বলেন: “আপনি তো জানতেন না যে, কিতাব কি এবং ঈমান কি...”[2] অন্যত্র বলেন: “আপনি আশা করেননি যে, আপনার প্রতি কিতাব অবতীর্ণ হবে। এ তো কেবল আপনার প্রতিপালকের অনুগ্রহ।”[3]

## ফুটনোট

[1] আব্দুল হাই লাখনবী, আল-আসার, পৃ. ৩৮।

[2] সূরা (৪২) শূরা: ৫২ আয়াত।

[3] সূরা (২৮) কাসাস: ৮৬ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4785

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন